গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

**বিষয়: তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে অংশীজনের সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মুহাম্মদ মোশাররফ হোসেন<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | : ২০ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | : দুপুর ১২:৩০ টা |
| স্থান | : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর বহুতল ভবনের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট- 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অবাধ তথ্য প্রবাহ ও জনগণের তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে সরকার গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে সভাপতি সভায় আলোকপাত করেনে। একইসাথে তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

২। সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে নিম্নরূপ আলোচনা করা হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **তথ্য অধিকার আইন, ২০০৯ এর প্রাথমিক ধারণা এবং আইনে গৃহীত কার্যক্রম:**<br>১। তথ্য অধিকার আইন, ২০০৯ গেজেট আকারে প্রকাশ করা হয় ০৬ এপ্রিল ২০০৯ এবং ০১ জুলাই ২০০৯ হতে তাকার্যকর করা হয়। উক্ত আইনের আলোকে ০১ জুলাই ২০০৯ তারিখে তথ্য কমিশন গঠন করা হয় যা তথ্যের অবাধ প্রবাহে কার্যকর ভূমিকা পালন করে যাচ্ছে। এই আইনে কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার আছে। কোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্দিষ্ট সময়ের মধ্যে তাকে প্রকাশযোগ্য তথ্য সরবরাহ করতে বাধ্য বলে সভাপতি সভাকে অবহিত করেন।<br>২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য অধিকার নিশ্চিতের লক্ষ্যে প্রত্যেক কর্তৃপক্ষ যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত করবেন এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে প্রত্যেক সরকারি দপ্তরের সংশ্লিষ্ট তথ্যসমূহ স্বতঃপ্রণোদিতভাবে ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী উপরোক্ত কার্যক্রম গ্রহণের জন্য বিভাগীয় সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহ, তথ্যের ক্যাটাগরি ক্যাটালগ প্রস্তুতসহ স্বতঃপ্রণোদিতভাবে তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | **তথ্য প্রাপ্তি আবেদন ও তথ্য প্রদান পদ্ধতি:**<br>১। তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে (ফরম- ক) সংশ্লিষ্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। আবেদনকারী সরাসরি বা অনলাইনেও আবেদন করতে পারবেন।<br>২। (ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত প্রকাশযোগ্য তথ্য সরবরাহ করবেন।<br>(খ) অনুরোধকৃত প্রকাশযোগ্য তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত তথ্য সরবরাহ করবেন।<br>(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে, অপারগতার কারণ উল্লেখপূর্বক আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ফরম "খ" অনুযায়ী অনুরোধকারীকে অবহিত করবেন।<br>(ঘ) অনুরোধকৃত প্রকাশযোগ্য তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির অনধিক ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন।<br>(ঙ) অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে মজুদ থাকলে তিনি উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ০৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন।<br>৩। অনলাইনে (ই-মেইলের মাধ্যমে) তথ্য প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীকে কোনরূপ ফি প্রদান করতে হবে না। তবে আবেদনকারী কোন তথ্যের হার্ড কপি বা কোন প্রমানপত্র পেতে চাইলে যেমন: ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ সরবরাহের জন্য তাঁকে সরকার নির্ধারিত মূল্য নিম্নোক্ত কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। কোন অনুরোধকৃত প্রকাশযোগ্য তথ্যের জন্য অনধিক ০৫(পাঁচ) কার্য দিবসের মধ্যে মূল্য পরিশোধ করতে হবে।<br>৪। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ নম্বর ধারায় ২০টি বিষয় চিহ্নিতক্রমে উক্ত বিষয়ের তথ্য প্রদান বাধ্যতামূলক নয় মর্মে বলা হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে;<br>(ক) বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য।<br>(খ) পররাষ্ট্রনীতি বিষয়ক কোন তথ্য যা প্রকাশ করলে বিদেশী রাষ্ট্র বা আন্তর্জাতিক কোন সংস্থা অথবা আঞ্চলিক কোন জোটের সাথে সম্পর্ক ক্ষুণ্ন হতে পারে।<br>(গ) কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য।<br>(ঘ) কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য।<br>(ঙ) প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্থ হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরূপ তথ্য।<br>(চ) জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচারকার্য বিঘ্নিত হতে পারে এরূপ তথ্য।<br>(ছ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে।<br>(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য।<br>(ঝ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য।<br>(ঞ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য।<br>সভাপতি বর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা করেন এবং তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন মতে তথ্য প্রাপ্তির আবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২.৩ | **আপীল, অভিযোগ দায়ের, নিষ্পত্তি:** জনগণের তথ্য প্রাপ্তির ক্ষেত্রে কোন বাঁধার সম্মুখীন হলে কোথায় আপীল, অভিযোগ দায়ের করতে পারবেন এবং আপীল কর্তৃপক্ষ কিভাবে তা নিষ্পত্তি করবেন এ সকল বিষয় এই আইনে অন্তর্ভুক্ত রয়েছে বলে সভাপতি সভায় উপস্থিত সকলকে অভহিত করেন। এই পরিপ্রেক্ষিতে সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সবোর্চ্চ সতর্কতা অবলম্বনের জন্য বিভাগীয় সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সবোর্চ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| **২.৪** | **প্রচার প্রচারণা:** তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে আরো সচেতন করতে ব্যাপক প্রচার-প্রচারণার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। প্রচার-প্রচারণায় যত কার্যক্রম গ্রহণ করা হবে ততই জনসচেতনতা বৃদ্ধি পাবে। জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমেই সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে বলে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে আরো সচেতন করার লক্ষ্যে প্রচার-প্রচারণা বৃদ্ধি করতে হবে। | বিভাগীয় তথ্য অফিস, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | **বিবিধ:** সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার বিষয়ে অনুরোধ জানানো হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.৯৯.০১২.২২.২৪৩

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) ..................................., সকল বিভাগীয় দপ্তর প্রধান, সিলেট বিভাগ, সিলেট।

৪) জেলাপ্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

৫) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।

৬) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

নাসরিন চৌধুরী
সিনিয়র সহকারী কমিশনার